

## Joint Press Release of the 12th India-European Union Counter Terrorism Dialogue

November 19, 2020

### 12তম ভারত-ইউরোপীয় ইউনিয়ন সন্ত্রাসবিरोधी বার্তালাপের যৌথ প্রেস বিজ্ঞপ্তি

নভেম্বর 19, 2020

গত 19শে November 2020 তারিখে ভারত ও ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) মধ্যে 12তম সন্ত্রাস বিরোধী বার্তালাপ অনুষ্ঠিত হয়েছিল। বার্তালাপটি ছিল ভারত-ইইউ কৌশলগত অংশীদারিত্বের এই গুরুত্বপূর্ণ দিকটিতে ঘনিষ্ঠ সহযোগিতা এবং সমন্বয় অব্যাহত রাখার একটি সুযোগ। ভারত ও ইউরোপীয় ইউনিয়ন উভয়েই সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ে একে অপরকে সমর্থন করার সংকল্প গ্রহণ করেছিল।

ভারত ও ইউরোপীয় ইউনিয়ন আন্তঃসীমান্ত সন্ত্রাসবাদের ক্ষেত্রে সন্ত্রাসবাদী পক্ষের ব্যবহার সহ তার সমস্ত রূপ এবং প্রদর্শনের তীব্র নিন্দা জানায়। ভারত, ইইউ সদস্য দেশগুলিতে ঘটা সাম্প্রতিক সন্ত্রাসবাদী হামলার নিন্দা জানিয়েছে এবং নিহতদের পরিবারের প্রতি সমবেদনা প্রকাশ করেছে। ইউরোপীয় ইউনিয়নও 26/11-এর মুম্বই, পাঠানকোট এবং পুলওয়ামাসহ ভারতে সন্ত্রাসবাদী হামলার তীব্র নিন্দা জানিয়েছে এবং সন্ত্রাসবাদের বিরুদ্ধে যুদ্ধে ভারতের জনগণ ও সরকারের প্রতি সমর্থনকে পুনর্ব্যক্ত করেছে। ভারত ও ইউরোপীয় ইউনিয়ন একটি সুদৃঢ় ও দীর্ঘস্থায়ী উপায়ে সন্ত্রাসবাদের মোকাবেলায় আন্তর্জাতিক সহযোগিতাকে জোরদার করার উপর জোর দিয়েছিল। তারা নিশ্চিত করেছে যে সহিংসতা ও সন্ত্রাসবাদের দোষীদের ন্যায়-বিচারের আওতায় নেওয়াটা গুরুত্বপূর্ণ।

আলোচনায় অংশগ্রহণকারীরা রাষ্ট্রসংঘ-অনুমোদিত সন্ত্রাসবাদী সংস্থাগুলি দ্বারা উত্থাপিত হুমকিসমূহ পর্যালোচনা করেন এবং সন্ত্রাসবাদী সমস্ত নেটওয়ার্কের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়ার ওপর জোর দেন। তারা তাদের নিয়ন্ত্রণাধীন কোনও অঞ্চল অন্য দেশকে সন্ত্রাসবাদী হামলার জন্য যাতে ব্যবহার না করা হয় তা নিশ্চিত করার জন্য সমস্ত দেশকে তাত্ক্ষণিক, দীর্ঘস্থায়ী এবং অপরিবর্তনীয় ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয়তার উপরও জোর দিয়েছিলেন।

কট্টরবাদ ও হিংস্র উগ্রবাদের মোকাবিলা, সন্ত্রাসবাদের অর্থায়নের বিরুদ্ধে লড়াই করা, এবং ইন্টারনেটের সন্ত্রাসবাদী ব্যবহারের মোকাবিলা করা সহ বর্তমান সন্ত্রাসবিরোধী চ্যালেঞ্জগুলি সম্পর্কে ভারত ও ইউরোপীয় ইউনিয়ন মতবিনিময় করেছে। তারা এই চ্যালেঞ্জের মোকাবিলায় নিজেদের মধ্যস্থ সহযোগিতা জোরদার করতে সম্মত হয়েছে। অংশগ্রহণকারীরা, কয়েকটি গোষ্ঠী ও ব্যক্তিকে সন্ত্রাসবাদী হিসেবে চিহ্নিত করা সহ সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ের হাতিয়ার হিসাবে নিষেধাজ্ঞা নিয়েও আলোচনা করেছিলেন। তারা সন্ত্রাসবাদের বিষয়ে কথাবার্তা বাড়াতে ইউরোপোল সহ ভারতীয় সংস্থা এবং তাদের ইউরোপীয় সহযোগীদের মধ্যে সহযোগিতা আরও গভীর করার উপায় নিয়ে

আলোচনা করেছেন। এই প্রসঙ্গে, তারা সংগঠিত অপরাধ ও সন্ত্রাসবাদ রোধ ও লড়াইয়ে ভারতীয় এবং ইইউ আইন প্রয়োগকারী কর্মকর্তাদের সমর্থন করার জন্য ইউরোপোল এবং ভারতীয় কেন্দ্রীয় তদন্ত ব্যুরোর মধ্যে চলমান আলোচনার কথাও উল্লেখ করেন।

বার্তালাপটি সুনির্দিষ্টভাবে সন্ত্রাসবাদ বিরোধী সহযোগিতা নিয়ে রাষ্ট্রসংঘের উচ্চ-স্তরের সন্ত্রাসবাদ-বিরোধী সম্মাহ 2021 এবং ইউএন গ্লোবাল-টেররিজম কাউন্টার স্ট্র্যাটেজির আসন্ন পর্যালোচনা সহ বহুপাক্ষিক ফোর্স যেমন ফিন্যান্সিয়াল অ্যাকশন টাস্ক ফোর্স, গ্লোবাল কাউন্টার টেররিজম ফোরাম এবং রাষ্ট্রসংঘের (ইউএন) বিষয়ে আলোচনার সুযোগও উপস্থাপন করেছে।

সন্ত্রাসবাদ বিরোধী এই বার্তালাপের সহ-সভাপতিত্ব করেছিলেন ভারতের পররাষ্ট্র মন্ত্রকের সন্ত্রাসবাদ বিরোধী যুগ্ম-সচিব শ্রী মহাবীর সিংভি এবং ইয়োরোপিয়ান এক্সটারনাল অ্যাকশন সার্ভিসের সুরক্ষা নীতি পরিচালক শ্রীমতী জোনেক বালফুর্ট।

**নিউ দিল্লী**

**নভেম্বর 19, 2020**

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.